মিডিয়াটেকের নতুন চিপসেট



হাইএন্ড স্মার্টফোন চিপসেটের বাজারে কোয়ালকমের একাধিপত্য খর্ব করতে উদ্যোগী হয়েছে মিডিয়াটেক। এই উদ্দেশ্যে মিডিয়াটেক সম্প্রতি তাদের নতুন ৫জি চিপসেট ডাইমেনসিটি ৯০০০ লঞ্চ করেছে। সংস্থার দাবি, এই চিপসেট নির্মাণের ক্ষেত্রে তাইওয়ান সেমিকনডাক্টর ম্যানুফ্যাকচারিং কোম্পানির 'এন৪' পদ্ধতি ব্যবহার করা হয়েছে। যার ফলে চিপের মাপ কমানোর পাশাপাশি গতি অনেকটা বাড়ানো সম্ভব হয়েছে। পাশাপাশি এতে এআরএম-এর নতুন ও শক্তিশালী কম্পিউটিং কোর 'কোর্টেক্স এক্স২' প্রযুক্তি রয়েছে।

অ্যানড্রয়েড স্মার্টফোনে ব্যবহৃত চিপের প্রায় পুরোটাই তিন সংস্থা– কোয়ালকম, মিডিয়াটেক এবং স্যামসাং জোগান দেয়। চতুর্থ বৃহত্তম সংস্থা হুয়াওয়ে মার্কিন নিষেধাজ্ঞার জেরে দৌড়ে অনেকটা পিছিয়ে পড়েছে। অন্যদিকে, আইফোনের ক্ষেত্রে সংস্থার নিজস্ব চিপ ব্যবহার করা শুরু করেছে অ্যাপল। শিয়াওমি, অপো এবং ভিভোর মতো জনপ্রিয় ব্র্যান্ডগুলি দীর্ঘদিন ধরেই মিডিয়াটেকের চিপ ব্যবহার করে। তবে তারা মূলত নিজেদের এন্ট্রিলেভেল এবং মিডরেঞ্জের স্মার্টফোনে এই চিপ লাগায়। হাইএন্ড ফোনের ক্ষেত্রে এখনও তাদের প্রধান ভরসা কোয়ালকমের স্ন্যাপড্রাগন। এই বাজারেই ভাগ বসাতে চাইছে মিডিয়াটেক। গত অর্থবর্ষে মিডিয়াটেক প্রথমবার ১০ বিলিয়ন মার্কিন ডলার লাভ করেছে। এবার সেই অঙ্কটা বাড়িয়ে ১৭ মিলিয়ন মার্কিন ডলার করতে চাইছে তারা। এই লক্ষ্য পূরণে নতুন ৫জি চিপসেট বড় ভূমিকা নেবে বলে মনে করছে মিডিয়াটেক।

অপো এ৫৫এস

অপো এ৫৫এস স্মার্টফোন লঞ্চ করা হয়েছে। ইতিমধ্যে পূর্ব এশিয়ার কিছু দেশে এর বিক্রি শুরু হয়েছে। তবে ভারতে এই ফোন নিয়ে আসার বিষয়ে এখনও কিছু জানায়নি চিনা সংস্থাটি। অপোর এই সিরিজের এই নতুন ফোনে অ্যানড্রয়েড ১১ ভিত্তিক কালার ওএস ১১ অপারেটিং সিস্টেম রয়েছে। ৪ জিবি র‌্যাম এবং ৬৪ জিবি স্টোরেজের একটিই সংস্করণ নিয়ে এসেছে অপো। তবে মাইক্রোএসডি কার্ডের সাহায্যে এর স্টোরেজ বাড়ানো যাবে।

এই ফোনে কোয়ালকমের স্ন্যাপড্রাগন ৪৮০ চিপসেট ব্যবহার করা হয়েছে। এতে ৬.৫ ইঞ্চির এইচডি+ এলসিডি এলটিপিএস ডিসপ্লে রয়েছে। ডিসপ্লের রিফ্রেশ রেট ৯০ হার্জ এবং টাচ স্যাম্পলিং রেট ১৮০ হার্জ। গিকবেঞ্চ ওয়েবসাইটেও ওয়েবসাইটের পরীক্ষায় মডেলটি সিঙ্গেল কোরে ৫১০ এবং মাল্টি কোরে ১,৫৯২ স্কোর করেছে। ফোনের পেছনে ২টি ক্যামেরা আছে। এর মধ্যে একটি ১৩ মেগাপিক্সেলের প্রাইমারি সেন্সর এবং অন্যটি ২ মেগাপিক্সেলের সেকেন্ডারি ডেপথ সেন্সর। ফোনের সামনে রয়েছে ৮ মেগাপিক্সেলের একটি ক্যামেরা। সেলফি শুটারটি ডিসপ্লের ওপরে মাঝখানে একটি পাঞ্চ হোলের মধ্যে বসানো।

অপোর এই ফোনে কানেক্টিভিটির জন্য চারটি ৫জি ব্যান্ডের পাশাপাশি ৪জি এলটিই, ওয়াইফাই, ব্লুটুথ ৫.০, টাইপ সি ইউএসবি এবং ৩.৫ মিলিমিটারের অডিও জ্যাক আছে। এছাড়া রয়েছে অ্যাক্সেলেরোমিটার, গাইরোস্কোপ, ম্যাগনেটিক সেন্সর, প্রক্সিমিটি সেন্সর এবং অপটিক্যাল সেন্সর। এই ফোনে অপোর নিজস্ব ১৮ ওয়াট ফাস্ট চার্জ সাপোর্টের সঙ্গে ৪,০০০ এমএএইচ ব্যাটারি থাকবে। কালো ও সবুজ রংয়ে ফোনটি পাওয়া যাবে। এই মডেলটি আপোর এ৫৫ স্মার্টফোনের উত্তরসূরি হবে। নিরাপত্তার ক্ষেত্রে রয়েছে ফেস রিকগনিশনও। ফোনের ওজন ১৭৮ গ্রাম।

ভিভো ভি২৩ই ৫জি

স্মার্টফোন সার্টিফিকেশন ওয়েবসাইট গিকবেঞ্চে একটি নতুন ফোন যোগ করেছে ভিভো। ভি২১২৬ নম্বরের ওই মডেলটি ভিভো ভি২৩ই মডেলের ৫জি সংস্করণ হিসেবে লঞ্চ করা হবে বলে মনে করা হচ্ছে। ৪জি মডেলের সঙ্গে এর বিভিন্ন ফিচারের তফাত থাকবে। গিকবেঞ্চের পরীক্ষায় এই ফোন সিঙ্গেল কোরে ৪৭১ থেকে ৫৫৮ পয়েন্টের মধ্যে স্কোর করেছে। মাল্টি কোরের ক্ষেত্রে স্কোর হয়েছে ১,৫৫১ থেকে ১,৭২৬ পয়েন্টের মধ্যে। এতে মিডিয়াটেকের ডাইমেনসিটি ৮১০ চিপসেট ব্যবহার করা হয়েছে। অ্যানড্রয়েড ১১ পরিচালিত এই ফোনে ৮ জিবি র‌্যাম রয়েছে। এর স্টোরেজ ১২৮ জিবি হলেও মাইক্রোএসডি কার্ডের সাহায্যে তা বাড়ানো যাবে। ফোনের পেছনে ৪৪ মেগাপিক্সেলের প্রাইমারি ক্যামেরার সঙ্গে একটি আল্ট্রা ওয়াইড অ্যাঙ্গেল লেন্স থাকবে। ৪জি মডেলের প্রাইমারি ক্যামেরাটি ৬৪ মেগাপিক্সেলের। ফোনে টাইপ সি ইউএসবি পোর্ট রয়েছে। ডিসপ্লের ওপরে মাঝখানে সেলফি ক্যামেরার জন্য ওয়াটারড্রপ স্টাইল নচ আছে।

চলতি মাসের শুরুতেই ভিভোর ভি২৩ই মডেলের ৪জি সংস্করণ সংস্থার অফিশিয়াল ওয়েবসাইটে যোগ করা হয়েছে। এই ফোনে অ্যানড্রয়েড ১১ ভিত্তিক ফানটাচ ১২ অপারেটিং সিস্টেম আছে। এতে ৬.৪৪ ইঞ্চির ফুল এইচডি+ অ্যামোলেড ডিসপ্লে রয়েছে। প্রসেসরে মিডিয়াটেকের হেলিও জি৯৬ চিপসেট ব্যবহার করা হয়েছে। এর ৮ জিবি র‌্যাম এবং ১২৮ জিবি স্টোরেজের একটিই সংস্করণ বাজারে এসেছে। ফোনের পেছনে তিনটি ক্যামেরা আছে। এর মধ্যে প্রধান সেন্সরটি ৫০ মেগাপিক্সেলের। এর সঙ্গে ৮ মেগাপিক্সেলের একটি এবং ২ মেগাপিক্সেলের একটি সেন্সর রয়েছে। সেলফি ও ভিডিও কলিংয়ের জন্য রয়েছে ৫০ মেগাপিক্সেলের একটি সেন্সর। ফোনের ব্যাটারি ৪,০৫০ এমএএইচ। সঙ্গে আছে ৪৪ ওয়াটের ফাস্ট চার্জ সাপোর্ট। ফোনের ডিসপ্লের নীচে ফিঙ্গারপ্রিন্ট সেন্সরটি অবস্থিত। পাশাপাশি রয়েছে গ্র্যাভিটি সেন্সর, লাইট সেন্সর, গাইরোস্কোপ এবং কম্পাস। কানেক্টিভিটির ক্ষেত্রে আছে ৪জি এলটিই, ওয়াইফাই, ব্লুটুথ ৫.২, ৩.৫ মিলিমিটারের হেডফোন জ্যাক এবং টাইপ সি ইউএসবি পোর্ট।

ইনস্টাগ্রামে ২ ফিচার

ব্যবহারকারীদের সুবিধার কথা মাথায় রেখে ইনস্টাগ্রামে আরও ২ ফিচার যোগ করা হবে। টুইটারে শেয়ার করা এক ভিডিওয় মেটার মালিকানাধীন এই অ্যাপের প্রধান অ্যাডাম মসেরি এই কথা জানিয়েছেন। এর মধ্যে একটি হল 'রেজ শেক' ফিচার। এর মাধ্যমে অ্যাপ ব্যবহার করার সময় সরাসরি কোনও সমস্যার কথা জানানো যাবে। সেজন্য শুধুমাত্র ডিভাইসটিকে ঝাঁকাতে হবে। অবশ্য ইনস্টাগ্রামে আগে থেকেই সমস্যার কথা জানানোর ফিচার রয়েছে। এখন সেটিংসের মধ্যে থাকা হেল্প অপশনে গিয়ে রিপোর্ট আ প্রবলেমে ক্লিক করতে হত। এর আগে মেটার আগের অ্যাপ ফেসবুকে ডিভাইস ঝাঁকিয়ে সমস্যার কথা জানানোর ফিচার যোগ করা হয়েছে। স্ন্যাপচ্যাটেও এমন ফিচার আছে। এই অ্যাপগুলিতে এই ফিচার অফ করে রাখারও সুবিধা আছে। তবে ইনস্টাগ্রামে তা থাকবে কি না এখনও স্পষ্ট নয়। ইনস্টাগ্রামের দ্বিতীয় ফিচারটি হল 'ক্যারোসেল ডিলিশন'। ইনস্টাগ্রামে একসঙ্গে একাধিক ছবি আপলোড করাকে ক্যারোসেল বলা হয়। এতদিন এই ক্যারোসেলে থাকা কোনও ছবি আলাদাভাবে ডিলিট করা যেত না, পুরো পোস্টটাই ডিলিট করতে হত। এবার সেই সমস্যার সমাধান করতে চলেছে ইনস্টাগ্রাম। এজন্য ব্যবহারকারীদের অ্যাপের কোনায় থাকা থ্রি-ডট মেনুতে ক্লিক করে অপ্রয়োজনীয় ছবি বা ছবিগুলিকে সোয়াইপ করে বাদ দিতে হবে। কাজ শেষ হওয়ার পর 'ডান' বাটনে ক্লিক করলে ওই ছবি বা ছবিগুলি ডিলিট হয়ে যাবে। আপাতত পরীক্ষামূলকভাবে মার্কিন যুক্তরাষ্ট্রে এই ফিচারগুলি নিয়ে আসা হচ্ছে। আইওএস এবং অ্যানড্রয়েড, দুটি প্ল্যাটফর্মের ডিভাইসেই এই দুটি ফিচার যুক্ত করা হবে।

মোটোরোলার নতুন ফোন

চিনের বাজারে মোটোরোলার নতুন ফোন এজ ৩০ আল্ট্রা লঞ্চ করা নিয়ে জল্পনা বাড়ছে। তবে মনে করা হচ্ছে, এই ফোন মোটোরোলা এজ এক্স নামে নিয়ে আসা হবে। এই হাইএন্ড স্মার্টফোনের বিক্রি অবশ্য চলতি বছর শুরু হবে না বলেই ধারণা প্রযুক্তি বিষয়ক ওয়েবসাইটগুলির। এই ফোনে ৬.৬৭ ইঞ্চির ফুল এইচডি+ ওএলইডি ডিসপ্লে আছে। ডিসপ্লের রিফ্রেশ রেট ১৪৪ হার্জ। পাশাপাশি, ডিসপ্লেতে রয়েছে এইচডিআর১০+ সাপোর্ট। ৮ জিবি র‌্যাম এবং ১২৮ জিবি স্টোরেজ এবং ১২ জিবি র‌্যাম ও ২৫৬ জিবি স্টোরেজের দুটি মডেল লঞ্চ করা হতে পারে। এই ফ্ল্যাগশিপ মডেলে কোয়ালকমের স্ন্যাপড্রাগন ৮৯৮ চিপসেট ব্যবহার করবে মোটোরোলা। তবে এখনও এই চিপসেট লঞ্চ করেনি কোয়ালকম। চলতি মাসের শেষে তাদের এই ফ্ল্যাগশিপ এসওসি বাজারে আসার কথা। মোটোরোলা এজ এক্স মডেলের পেছনে তিনটি লেন্স আছে। এর মধ্যে দুটি ৫০ মেগাপিক্সেলের সেন্সর। এর মধ্যে একটি প্রাইমারি সেন্সর এবং অন্যটি আল্ট্রাওয়াইড শুটার। এছাড়া ২ মেগাপিক্সেলের একটি ডেপথ সেন্সরও আছে। ব্যাক ক্যামেরা মডিউলে একটি নয়েজ ক্যানসেলেশন মাইক্রোফোন রয়েছে। ফোনে তোলা ভিডিওর মান বাড়াতে এই ফিচার যোগ করা হয়েছে বলে মনে করা হচ্ছে। অন্যদিকে, ফোনের ডিসপ্লের ওপর মাঝামাঝি অংশে পাঞ্চ হোলের মধ্যে সেলফি ক্যামেরাটি বসানো রয়েছে। ফ্রন্ট ক্যামেরাটি ৬০ মেগাপিক্সেলের হওয়ার সম্ভাবনা আছে। ফোনে ৫,০০০ এমএএইচ ব্যাটারির সঙ্গে ৬৮ ওয়াটের ফাস্ট চার্জ সাপোর্ট থাকবে। নীল ও ধূসর রংয়ে ফোনটি পাওয়া যাবে। ফোনের ডানদিকে পাওয়ার বাটন এবং বাঁদিকে ভলিউম কি থাকবে। পাশাপাশি এতে নির্দিষ্ট গুগল অ্যাসিস্ট্যান্ট বাটন এবং ফিঙ্গারপ্রিন্ট সেন্সরও থাকতে পারে। ফোনের নীচের অংশে রয়েছে মাইক্রোফোন, স্পিকার এবং টাইপ সি ইউএসবি পোর্ট। তবে ভারতের বাজারে এই ফোন লঞ্চ করা নিয়ে কিছু জানা যায়নি।



শিয়াওমির আপডেট

চলতি বছরেই নিজস্ব স্মার্টফোন অপারেটিং স্কিন এমআইইউআই-এর আপডেট প্রকাশ করতে পারে শিয়াওমি। অ্যানড্রয়েড ১২ অপারেটিং সিস্টেমকে ভিত্তি করে এমআইইউআই ১৩ নামে এই স্কিন তৈরি করা হয়েছে। প্রথম দফায় শিয়াওমির ৯টি ফ্ল্যাগশিপ স্মার্টফোনে এই আপডেট দেওয়া হবে। এরপর ধাপে ধাপে অন্য স্মার্টফোনগুলি এমআইইউআই ১৩-র আওতায় আসবে। সূত্রের খবর, এমআইইউআই ১৩-র সোর্স কোডেও এই ৯টি স্মার্টফোনের নাম রয়েছে। এই স্মার্টফোনগুলি হল শিয়াওমি এমআই মিক্স ৪, শিয়াওমি এমআই ১১, শিয়াওমি এমআই ১১ প্রো, শিয়াওমি এমআই ১১ আল্ট্রা, শিয়াওমি এমআই ১১ লাইট, শিয়াওমি এমআই ১০এস, রেডমি কে৪০, রেডমি কে৪০ প্রো এবং রেডমি কে৪০ প্রো+। এখনও অবশ্য এমআইইউআই ১৩ প্রকাশ্যে আসার দিন ঘোষণা করেনি শিয়াওমি। তবে চলতি বছরের শুরুতেই শিয়াওমি এই স্কিন বাজারে আনার কথা ঘোষণা করেছে। এতে নতুন ইউআই ডিজাইন, পারফরমেন্স ও ব্যাটারি ব্যবহারের ক্ষেত্রে উন্নত প্রযুক্তি সহ বেশ কিছু বিষয়ে বদল করা হতে পারে।

অ্যানড্রয়েড নিয়ে গুগলের পরিসংখ্যান

গুগলের স্মার্টফোন অপারেটিং সিস্টেম অ্যানড্রয়েড ব্যবহারকারীর সংখ্যা নিয়ে নতুন পরিসংখ্যান সামনে এসেছে। এতে অ্যানড্রয়েডের কোন সংস্করণ কত ডিভাইসে ব্যবহার করা হয় তার সম্ভাব্য চিত্র প্রকাশ করা হয়েছে। গুগলের দাবি, সারা বিশ্বে অন্তত

৩০০ কোটি ডিভাইসে অ্যানড্রয়েড অপারেটিং সিস্টেম রয়েছে। এর মধ্যে অর্ধেকের বেশি ফোন অ্যানড্রয়েড ১০ এবং অ্যানড্রয়েড ১১ অপারেটিং সিস্টেমে চলে। তবে অক্টোবরে বাজারে আসা অ্যানড্রয়েড ১২ সংক্রান্ত কোনও তথ্য এই পরিসংখ্যানে নেই। তবে গুগলের পরিসংখ্যান থেকে স্পষ্ট, অর্ধেকের বেশি অ্যানড্রয়েড ডিভাইস এই অপারেটিং সিস্টেমের শেষ তিনটি সংস্করণ দ্বারা পরিচালিত হয়। পরিসংখ্যান অনুযায়ী, সবচেয়ে বেশি ২৬.৫ শতাংশ ডিভাইস অ্যানড্রয়েড ১১ পরিচালিত। তারপরই রয়েছে অ্যানড্রয়েড ১০। এতে চলে ২৪.২ শতাংশ ডিভাইস। অ্যানড্রয়েড ৯ অপারেটিং সিস্টেম আছে ১৮.২ শতাংশ ডিভাইসে। অ্যানড্রয়েড ৮ পরিচালিত ডিভাইসের সংখ্যা ১৩.৭ শতাংশ। এর পূর্ববর্তী সংস্করণ আছে এমন ডিভাইসের সংখ্যা ১০ শতাংশেরও কম। গত বছরের এপ্রিল মাসে শেষবার এমন পরিসংখ্যান প্রকাশ করা হয়েছিল। গুগলের পথ ধরে অ্যাপলও তাদের আইওএস অপারেটিং সিস্টেম ব্যবহারকারীর এমন পরিসংখ্যান প্রকাশ করেছে। বর্তমানে ৮৫ শতাংশ আইফোনে আইওএস ১৪ আছে। ৮ শতাংশে আছে আইওএস ৮। এর পূর্ববর্তী সংস্করণ আছে এমন আইফোনের সংখ্যা ৭ শতাংশের কম। তবে সেপ্টেম্বরে প্রকাশ্যে আসা আইওএস ১৫ সংস্করণ সংক্রান্ত কোনও তথ্য এখনও জানায়নি অ্যাপল।

মোটো জি৩১

মোটোরোলার নতুন ফোন মোটো জি৩১-এর কিছু ছবি ইন্টারনেটে ছড়িয়ে পড়েছে। বিভিন্ন প্রযুক্তি বিষয়ক ওয়েবসাইটের দাবি, বাজেট সেগমেন্টে এই ফোন লঞ্চ করা হবে। চলতি বছরের শুরুতে এই মডেলের পূর্বসূরি মোটো জি৩০ স্মার্টফোনের বিক্রি শুরু করেছিল মোটোরোলা। ইতিমধ্যেই নতুন মডেলটি তাইওয়ানের ন্যাশনাল কমিউনিকেশনস কমিশনের (এনসিসি) ওয়েবসাইটে নথিভুক্ত করা হয়েছে বলে জানা গিয়েছে। ছবি দেখে মনে করা হচ্ছে, ভারতের বাজারে ফোনটি কালো ও নীল রংয়ে বিক্রি করা হবে। তবে এনসিসি ওয়েবসাইটে কালোর পাশাপাশি রুপোলি রংয়ের মডেলের উল্লেখ রয়েছে। এই ফোনে ৬.২ ইঞ্চির ফুল এইচডি+ ওএলইডি ডিসপ্লে রয়েছে। ফোনের পাশে পাওয়ার বাটন এবং ভলিউম কি-র সঙ্গে গুগল অ্যাসিস্ট্যান্টের জন্য নির্দিষ্ট বাটন থাকবে। এই ফোনে ডিসপ্লের ওপরে মাঝখানে সেলফি ক্যামেরার জন্য পাঞ্চ হোল রয়েছে। ফোনের পেছনে তিনটি ক্যামেরা আছে। এর মধ্যে প্রাইমারি ক্যামেরাটি ৫০ মেগাপিক্সেলের। এই ক্যামেরার কোয়াড পিক্সেল প্রযুক্তি রয়েছে। ফলে ছবি তোলার সময় ৪টি সাধারণ পিক্সেলজুড়ে গিয়ে একটি পিক্সেল তৈরি করবে। ফলে ছবির মান অনেকটাই ভালো হবে। ফোনের ব্যাটারি ৫,০০০ এমএএইচ। সঙ্গে থাকবে মোটোরোলার নিজস্ব ১০ ওয়াট ফাস্ট চার্জ সাপোর্ট। চার্জিংয়ের জন্য রয়েছে টাইপ সি ইউএসবি পোর্ট।

রেনো সিরিজে নতুন স্মার্টফোন

অপোর নতুন ফোন রেনো ৬ লাইট বাজারে আসতে চলেছে। তবে প্রাথমিকভাবে শুধু ইউরোপের বাজারে এই ফোন বিক্রি করবে চিনা সংস্থাটি। মাপ জানা না গেলেও মনে করা হচ্ছে, এই ফোনে ফুল এইচডি+ অ্যামোলেড ডিসপ্লে থাকবে। ডিসপ্লের নীচে ফিঙ্গারপ্রিন্ট সেন্সরটি অবস্থিত। ফোনের পেছনে তিনটি ক্যামেরা থাকবে। এর মধ্যে প্রাইমারি সেন্সরটি ৪৮ মেগাপিক্সেলের। সঙ্গে থাকবে ২ মেগাপিক্সেলের দুটি সেন্সর। এর মধ্যে একটি ওয়াইড অ্যাঙ্গেল লেন্স এবং অন্যটি ম্যাক্রো শুটার। এই ফোনের প্রাইমারি ক্যামেরায় নাইট পোর্ট্রেট এবং এআই সিন এনহ্যান্সমেন্টের মতো ফিচার রয়েছে। সেলফি ক্যামেরাটি ডিসপ্লের ওপর বাঁদিকে পাঞ্চ হোলের মধ্যে বসানো থাকবে। ফোনের বেস মডেলে অন্তত ৬ জিবি র‌্যাম এবং ১২৮ জিবি স্টোরেজ থাকবে। পাশাপাশি, এতে ৫ জিবি ভার্চুয়াল র‌্যামও থাকবে। কোয়ালকম স্ন্যাপড্রাগনের কোনও মিডরেঞ্জ চিপসেট এই স্মার্টফোনে ব্যবহার করবে অপো। ৫,০০০ এমএএইচ ব্যাটারির সঙ্গে থাকবে সংস্থার নিজস্ব ৩৩ ওয়াটের ফাস্ট চার্জ প্রযুক্তি। এই ফোনে ফিক্সড্রপ ফিচার থাকতে পারে। এই ফিচারের সাহায্যে ফোনের স্ক্রিনে একসঙ্গে একাধিক অ্যাপ্লিকেশন ব্যবহার করার সুযোগ পাওয়া যায়। এই ফোন অ্যানড্রয়েড ১১ অপারেটিং সিস্টেমে চলবে।